

মডেল অ্যাক্টিভিটি টাস্ক
পরিবেশ ও ভূগোল
ষষ্ঠ শ্রেণি

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১ সূর্যের অতিবেগুনি রশ্মির ক্ষতিকর প্রভাব থেকে জীবকূলকে রক্ষাকারী ওজোন স্তর আছে —

- ক) ট্রোপোস্ফিয়ারে
- খ) স্ট্র্যাটোস্ফিয়ারে
- গ) আয়নোস্ফিয়ারে
- ঘ) এক্সোস্ফিয়ারে

১.২ আন্টার্কটিকার একটি স্বাভাবিক উদ্ভিদ হলো —

- ক) পাইন
- খ) শাল
- গ) মস
- ঘ) সেগুন

১.৩ ভারতের মরু অঞ্চলের মাটির অন্যতম প্রধান বৈশিষ্ট্য হলো —

- ক) মাটির জলধারণ ক্ষমতা বেশি
- খ) মাটিতে লোহার পরিমাণ বেশি
- গ) মাটির জলধারণ ক্ষমতা কম
- ঘ) মাটিতে জৈব পদার্থের পরিমাণ বেশি

২. শূন্যস্থান পূরণ করো :

২.১ সমুদ্রের কাছাকাছি অঞ্চলের জলবায়ু _____ প্রকৃতির হয়।

২.২ নির্দিষ্ট ঋতুতে যে গাছের পাতা ঝরে পড়ে তাকে _____ উদ্ভিদ বলে।

২.৩ সাধারণত শীতকালে শীতল অঞ্চল থেকে যে পাখিরা আমাদের দেশে উড়ে আসে তারা _____ পাখি নামে পরিচিত।

৩. সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ বারিমণ্ডল কীভাবে সৃষ্টি হয়েছে?

৩.২ ভারতে শীতকাল কেন শুষ্ক প্রকৃতির হয়?

৪. বায়ুচাপ ও বায়ুপ্রবাহ কোনো অঞ্চলের আবহাওয়াকে কীভাবে নিয়ন্ত্রণ করে তা ব্যাখ্যা করো।